



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং: সাই/ পিআর/০৩

তারিখ : ২২ ফেব্রুয়ারি, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

আজ ২২ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে বার্ষিক কর্ম সম্পাদন ব্যবস্থাপনা : বাংলাদেশ প্রেক্ষিত শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকাল ৯টায় কর্মশালার উদ্বোধন করেন। তিনি তাঁর উদ্বোধনী বক্তব্যে বলেন, জ্ঞান, আচরণ ও দক্ষতা- এই তিনটি বিষয়ের অনন্য সমন্বয়ের ফলেই গুণগত শিক্ষাব্যবস্থা নিশ্চিত হবে। আর এই বিষয়গুলোর মান উন্নয়নের জন্য কর্ম সম্পাদন ব্যবস্থাপনা সম্পর্কে কর্মশালার প্রয়োজন। এরূপ কর্মশালার মাধ্যমে আমাদের বিশ্ববিদ্যালয় তথা সারা দেশে ক্রমাগতই সুশাসন নিশ্চিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কর্মশালা পর্বে গর্ভনমেন্ট পারফরমেন্স ম্যানেজমেন্ট সিস্টেম: কনসেপ্ট এন্ড কনটেন্ট বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব মো. কামরুল হাসান, APA Evaluation & APMS বিষয়ে কেবিনেট ডিভিশনের সিনিয়র সহকারী সচিব জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এবং Annual Performance Agreement (APA) : Bangladesh Perspective বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ডেপুটি সেক্রেটারি মিসেস জাকিয়া পারভীন প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী পর্বে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান।

প্রফেসর আব্দুল মান্নান তাঁর সমাপনী বক্তব্যে বাংলাদেশ সরকারের সুশাসন প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় দীর্ঘ দৃষ্টিভঙ্গি তুলে ধরে বিশ্ববিদ্যালয়গুলোতে শুদ্ধাচারের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন।

এ ছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিচালক ড. ফখরুল ইসলাম, সিনিয়র এ্যাসিস্টেন্ট ডাইরেক্টর জনাব মো. নজরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউজিসি পরিচালক ড. মো. ফখরুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

এছাড়া কর্মশালায় ইউজিসি এবং মন্ত্রণালয় থেকে আগত বিভিন্ন কর্মকর্তা এ বিশ্ববিদ্যালয়ের ডিন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষক, দপ্তর প্রধান, বিভিন্ন কর্মকর্তা বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত ফোকাল পয়েন্ট এবং বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

কর্মশালার শুরুতে বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার জনাব আ ফ ম মিমফতাউল হকের স্বাগত বক্তব্যের পর শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মুহাম্মদ ইশফাকুল হোসেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলায়াত করেন বিশ্ববিদ্যালয়ের পেশ ইমাম জনাব মোহাম্মদ মতিউর রহমান।

রেজিস্ট্রার
(মুহাম্মদ ইশফাকুল হোসেন)